NYC Public Schools
Eric Adams
Mayor
David C. Banks
Chancellor

27 জুন, 2023

প্রিয় পরিবারবর্গ:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ। আশা করি আপনাদের শিক্ষা বছরটি চমৎকার ছিল।

এই সপ্তাহে নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর হিসেবে আমার প্রথম পূর্ণ শিক্ষা বছরের সমাপ্তি হচ্ছে। আমি যখন বিগত বছরের প্রতিফলন করছি, আমাদের স্কুলগুলোকে সর্বশ্রেষ্ঠ হতে সহায়তা করার লক্ষ্যে আপনারা যে মতামত শেয়ার করেছেন সেজন্যে আমি কৃতজ্ঞ, এবং বিগত সেপ্টেম্বর থেকে একসাথে যা কিছু অর্জন করেছি সেজন্যে আমি উদ্দীপ্ত।

আমরা নতুন আঙ্গিকে স্কুলের অভিজ্ঞতা ভাবতে এবং আমাদের শিক্ষার্থীদের ব্রাইট স্টার্টস্ এবং উজ্জ্বল ভবিষ্যৎ দিতে অঙ্গীকারবদ্ধ।

এর শুরু হয় আমাদের শিক্ষার্থীদের বিকশিত হবার জন্য প্রয়োজনীয় দৃঢ় ভিত্তি রয়েছে তা নিশ্চিত করার মাধ্যমে। সেজন্যেই এই বছর, আমরা **NYC রিডস্** চালু করেছি। এটা আমাদের শিক্ষার্থীদের স্কুলে যেভাবে পড়তে শেখাই তা রূপান্তরিত করবে, এবং ইতোমধ্যেই আমরা আমাদের হাজার হাজার শিক্ষকদের জন্য পেশাগত শিক্ষণ অধিবেশন শুরু করেছি। বহু বছর যাবত, আমরা ভুল শিক্ষাদানের আদর্শ থেকে সাক্ষরতার কার্যক্রম পরিচালনা করে আসছি। এজন্যে আমাদের শিক্ষার্থী কিংবা শিক্ষাবিদদের কোনো ত্রুটি ছিল না; বরং এটা ছিল যথেষ্ট বলিষ্ঠ পথনির্দেশনা ও সহায়তা প্রদান না করার ফল। NYC রিডস্-এর মূলে রয়েছে "পঠন বা রিডিংয়ের অন্তর্নিহিত বিজ্ঞান" এবং একটি ধ্বনিবিজ্ঞান ভিত্তিক পাঠ্যক্রম—যা শিক্ষার্থীদের আত্মবিশ্বাসী পাঠক হয়ে গড়ে উঠতে শেখানোর প্রামাণ্য পদ্ধতিসমূহ।

আমাদের শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের পথে ধাবিত করতে, আমরা **FutureReadyNYC**-এর মতো বিভিন্ন পথ-পরিক্রমার কর্মসূচি তৈরি করেছি। এই কর্মসূচিগুলো আমাদের শিক্ষার্থীদের জন্য সম্ভাবনার জগৎ খুলে দেয় এবং স্কুলকে আরো প্রাসঙ্গিক হতে সহায়তা করে। পুরো বছর যাবৎ, আমরা Northwell Health এবং JPMorgan Chase-এর মত উল্লেখযোগ্য স্থানীয় চাকুরিদাতাদের সাথে অংশীদারিত্ব করেছি এবং বেতনসহ ইন্টার্নশিপে হাজার হাজার হাই স্কুল শিক্ষার্থীদের সংযুক্ত করেছি।

আমাদের স্কুলগুলোতে, আমাদের সকল শিক্ষার্থীদের জন্য আমরা একটি স্বাগতমূলক ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষা অর্জনের পরিবেশ গড়ে তুলতে কঠোর পরিশ্রম করেছি। **যেসব শিক্ষার্থীর ডিসলেক্সিয়া, আবেগজনিত ও সংবেদনশীল চাহিদা, এবং অটিজম রয়েছে, তাদের সহায়তাদানকারী কর্মসূচিসমূহ সম্প্রসারণ করার মাধ্যমে** যেগুলোতে কাজ হচ্ছে সেগুলোর উপর গড়ে তুলছি এবং পরিবারদের আস্থা রয়েছে এমন সৃজনশীল, বাড়ি থেকে উদ্ভূত প্রয়াশের দিকে ঝুঁকছি। আমাদের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ও তাদের পরিবারদের প্রতি: আপনারা আমাদের চিন্তা-চেতনায় রয়েছেন এবং আমরা আমাদের স্কুলগুলোকে এমন একটি স্থানে পরিণত করার পথে রয়েছি যেখানে আপনাদের পরিষেবা দেয়া যেতে পারে। এতে রয়েছে আমাদের **শৈশবকালীন শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন) প্রোগ্রামসমূহ**। যখন 3-K এবং প্রি-K চালু করা হয়েছিল, তখন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যথেষ্ট আসন ছিলনা। অবশেষে আমরা এই ত্রুটি সংশোধন করেছি, এবং আমাদের ক্ষুদে শিক্ষার্থী ও আমাদের পরিবারদের চাহিদা মেটাতে 700 আসন যোগ করেছি।


আমরা যখন আমাদের শিক্ষার্থীদের চাহিদা পূরণ করি, তখন স্কুল হয়ে উঠে এমন একটি স্থানে যেখানে প্রতিদিন যেতে উদ্দীপ্ত হয়। এই কারণে, আমাদের স্কুলগুলোর ৪0-টি ক্যাফেটেরিয়াকে নতুন, আধুনিক স্থানে রূপান্তরিত করেছি, যেগুলো পছন্দ অনুযায়ী বেছে নেয়ার প্রতি জোর দেয়। এই **ক্যাফেটেরিয়া উন্নতিকরণ** শিক্ষার্থীদের স্কুলের খাবারের প্রতি এবং স্বাস্থ্যকর খাবার খাওয়ার প্রতি উৎসাহ বৃদ্ধি করবে, যেন আমাদের শিক্ষার্থীদের শুধু মনই নয়, বরং দেহেও পুষ্টি জোগাবার একটি স্থান থাকে।

অতিরিক্তভাবে, এই বছর, আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্যের পাশাপাশি, তাদের নিরাপত্তাও আমার প্রধান প্রাধান্যে ছিল। আমাদের সবচেয়ে ঝুঁকিতে রয়েছে এমন শিক্ষার্থীদের সহায়তা দেয়ার জন্য **প্রজেক্ট পিভট** 144-টি অংশীদার সংস্থা ও স্কুলকে একত্রিত করেছে। আমি আনন্দের সাথে জানাচ্ছি যে কর্মসূচিটি হেমন্তে (ফল-এ) শুরু হবার পর থেকে, আমাদের স্কুলগুলো থেকে আমরা ইতিবাচক মতামত পেয়েছে এবং নিরাপত্তা বিষয়ক পদক্ষেপে বেশ কিছু উন্নতি হতে দেখেছি।

গত জুলাই মাস থেকে আমাদের স্কুলগুলো 18,000 অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিং-এর শিক্ষার্থীদের জন্য দুয়ার খুলে দেয়ার মাধ্যমে আমাদের সিটি নেতৃত্ব দিয়েছে। **প্রজেক্ট ওপেন আর্মস্**-এর মাধ্যমে, আমরা স্কুলগুলোতে 110 মিলিয়ন ডলারের বেশি প্রদান করেছি যেন আমাদের নব্য নিউ ইয়র্কবাসীদের স্বাগত জানাতে তাদের প্রয়োজনীয় সহায়তা রয়েছে তা নিশ্চিত করা যায়। কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হলে, আমাদের স্কুলের কমিউনিটিগুলো এগিয়ে এসেছে, নতুন শিক্ষার্থীদের সহায়তা ও স্বাগত জানাতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সামঞ্জস্য ঘটানোর মাধ্যমে দেশ জুড়ে অন্যান্য ডিস্ট্রিক্টের জন্য অনুকরণীয় হয়ে উঠেছে। এই পরিবারদের প্রতি দুহাত বাড়িয়ে যে অনুপ্রেরণামূলক উদারতা দেখিয়েছেন সেজন্যে আমি সকল কর্মী সদস্য ও পরিবারদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। আপনারা দেখিয়েছেন কী নিউ ইয়র্ক সিটিকে এত অসাধারণ স্থান করেছে।

আমরা যখন 2023-24 শিক্ষা বছরের প্রতি দৃষ্টিপাত করছি, আমি জানি যে শ্রেষ্ঠত্ব আসবে আগামীতে। আমি আশা করছি যে আপনাদের ও আপনাদের ছেলেমেয়েদের একটি সুন্দর গ্রীষ্ম উপভোগ করবেন এবং আমাদের সিটি যেসব চমৎকার জিনিস অফার করে সেগুলোর সুযোগ নিতে সক্ষম হবেন। নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলস্-কে বেছে নেয়ার জন্য, এবং আপনার সন্তানের শিক্ষায় একজন সত্যিকার অংশীদার হবার জন্য ধন্যবাদ। আমি আশা করি আপনাদের সবার সাথে সেপ্টেম্বরে দেখা হবে।

উচ্চ প্রত্যাশাসহ,



ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর

অনলাইনে আমাদের instagram.com/nycschools-এ অনুসরণ করুন